



## পদোন্নতি বঞ্চিত হয়ে চাকরি ছাড়লেন সিআইডি প্রধান আকবর খান



সিআইডি প্রধান আকবর খান। ছবি: সংগৃহীত

পদোন্নতি না পাওয়ার পর স্বেচ্ছায় চাকরি ছাড়ার সিদ্ধান্ত নিয়েছেন বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) ভারপ্রাপ্ত প্রধান আলি আকবর খান। এ বিষয়ে বৃহস্পতিবার (৪ জুন) পুলিশ সদর দপ্তর থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়।

পুলিশ হেডকোয়ার্টারের বিশেষ পুলিশ সুপার (প্রশাসন) এ এ এম হুমায়ুন কবীর স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে বলা হয়, ডিআইজি (অর্গানাইজড ক্রাইম) ও ভারপ্রাপ্ত সিআইডি প্রধান আলি আকবর খান স্বেচ্ছা অবসরের আবেদন করেছেন। পাশাপাশি আগামী ২ জুলাই থেকে এক বছরের পিআরএল (প্রি-রিটায়ারমেন্ট লিভ) মঞ্জুরের আবেদনও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

প্রজ্ঞাপনে আরও উল্লেখ করা হয়, সরকারি চাকরি আইন ২০১৮-এর ৪৪ ধারা অনুযায়ী তার অবসর ও পিআরএল অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে।

এর আগে, গত ১ জুন এক আদেশে আলি আকবর খানকে সিআইডির ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্ব দেওয়া হয়।

১৯৯৫ সালে ১৫তম বিসিএস (পুলিশ) ক্যাডারের মাধ্যমে বাংলাদেশ পুলিশে যোগ দেন আলি আকবর খান। চাঁদপুরে জন্ম নেওয়া এই কর্মকর্তা দীর্ঘ কর্মজীবনে রেঞ্জ পুলিশ, পুলিশ সদর দপ্তর ও জননিরাপত্তা বিভাগসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ইউনিটে দায়িত্ব পালন করেছেন।

কর্মজীবনে দেশ-বিদেশের নানা প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালায় অংশ নিয়েছেন তিনি। মানবপাচার প্রতিরোধ ও অভিবাসন ব্যবস্থাপনা নিয়ে ইতালি ও মালদ্বীপে অনুষ্ঠিত কয়েকটি আন্তর্জাতিক কর্মসূচিতেও অংশগ্রহণ করেন।